

বিজিএ/কাস/২০২৩/৪৫

৬ মার্চ, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের ইউডি-তে কাঁচামাল ও রপ্তানি পণ্যের এইচ.এস. কোড উল্লেখকরণ প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের স্মারক নং ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০.১৩০৮, তারিখ: ০১/০৩/২০২৩।

আপনারা সকলে অবগত আছেন যে, Customs Bond Management System (CBMS) নামীয় Web-based অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে বন্ড ব্যবস্থাপনা অন-লাইন করণের কার্যক্রম চলমান আছে। বন্ড অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে অন-লাইন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে বিজিএমইএ হতে ইস্যুকৃত ইউডি-তে এইচ.এস. কোড উল্লেখ থাকার বাধ্যবাধকতা রয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত পত্রের মাধ্যমে অত্র দপ্তর কে অবগত করে যে, বিজিএমইএ হতে ইস্যুকৃত ইউডি-তে এইচ.এস. কোড উল্লেখ করা হচ্ছে না, যা ইউডি-তে উল্লেখ করা অত্যাবশ্যিক। CBMS সফটওয়্যারের মাধ্যমে যথাযথভাবে স্বয়ংক্রিয় বন্ড ব্যবস্থাপনা পরিচালনার স্বার্থে বিজিএমইএ হতে ইস্যুকৃত ইউডি-তে এইচ.এস. কোড উল্লেখ করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে অনুরোধ জানানো হয়।

নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সকলকে অত্যাবশ্যিকীয়ভাবে বিজিএমইএ-তে দাখিলকৃত ইউডি-তে এইচ.এস. কোড উল্লেখ করার জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

